রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, নভেম্বর ১, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়**
**এনসিএসটি সেল ও বঙ্গবন্ধু ফেলোশিপ ট্রাস্ট**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৭ আশ্বিন ১৪২৭/১২ অক্টোবর ২০২০

## জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি পদক প্রদান নীতিমালা-২০২০ (সংশোধিত)

নং **৩৯.০০.০০০০.০৩৫.২৩.০১৫.১৯.১২৫**—বিজ্ঞান ও ইহার উদ্ভাবনশীল ব্যবহারের প্রসার সাধন এবং জনগণের চাহিদা পূরণে মৌলিক, ফলিত ও উন্নয়ন গবেষণাকে উৎসাহিত করিবার মাধ্যমে বাংলাদেশকে একটি উন্নত ও সমৃদ্ধ দেশে পরিণত করিতে দেশের বিশিষ্ট বিজ্ঞানী/প্রযুক্তিবিদদের বিজ্ঞানের বিভিন্ন বিষয়ে বিশেষ অবদান রাখিবার জন্য জাতীয় স্বীকৃতিস্বরূপ ‘জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি পদক’ প্রদানের লক্ষ্যে একটি নীতিমালা প্রয়োজন হওয়ায় সরকার এই নীতিমালা প্রণয়ন করিল।

১। **শিরোনাম :** এই নীতিমালা- ‘জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি পদক প্রদান নীতিমালা-২০২০ (সংশোধিত)’ নামে অভিহিত হইবে।

২। **লক্ষ্য ও উদ্দেশ্য :**

(ক) বিজ্ঞান ও প্রযুক্তির বিভিন্ন ক্ষেত্রে প্রতিভাবান ব্যক্তিদের সনাক্তকরণ এবং তাঁহাদের স্বীকৃতি প্রদান।

(খ) ব্যক্তিগত, দলগত ও প্রাতিষ্ঠানিক পর্যায়ে দক্ষতা ও সৃজনশীলতাকে উৎসাহিত করিবার মাধ্যমে টেকসই অগ্রগতির জন্য বিজ্ঞান ও প্রযুক্তির উন্নয়ন, প্রসার ও প্রয়োগের লক্ষ্যে একটি মজবুত ভিত্তি প্রস্তুত করা।

৩। **পদক প্রদানের বিষয়সমূহ :**

(ক) ভৌতবিজ্ঞান

(খ) জীববিজ্ঞান

(গ) প্রকৌশলবিজ্ঞান

(ঘ) চিকিৎসাবিজ্ঞান

(ঙ) পরিবেশ ও জলবায়ু

(চ) দেশীয় প্রযুক্তির উদ্ভাবন

(ছ) কৃষিবিজ্ঞান

৪। **পদকের শ্রেণি :**

বিজ্ঞান ও প্রযুক্তি ক্ষেত্রে ব্যক্তিগত, দলগত বা প্রাতিষ্ঠানিক পর্যায়ে বিশেষ অবদান রাখিবার জন্য এই পদক প্রদান করা হইবে।

৫। **সংজ্ঞা :**

এই নীতিমালার আওতায়—

(ক) 'বিজ্ঞানী' বলিতে— গবেষণা ও ধারাবাহিক পর্যবেক্ষণের মাধ্যমে প্রাপ্ত ফলাফলের ওপর নিবিড় ও বিশেষ জ্ঞানের অধিকারী ব্যক্তিকে বুঝাইবে; এবং

(খ) প্রযুক্তিবিদ বলিতে— বিজ্ঞানের আবিষ্কারকে মানবকল্যাণে ব্যবহারের লক্ষ্যে লাগসই, নিরাপদ, ব্যবহারযোগ্য এবং অর্থনৈতিক বিচারে গ্রহণযোগ্য সমাধানে পারদর্শী ব্যক্তিকে বুঝাইবে।

৬। **আবেদন প্রক্রিয়া :**

(ক) নির্ধারিত ফরমে সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় বরাবর আবেদনপত্র দাখিল করিতে হইবে।

(খ) ব্যক্তির ক্ষেত্রে সংলাগ-'ক' এবং দলগত বা প্রতিষ্ঠান-এর ক্ষেত্রে সংলাগ-'খ' তে প্রদত্ত ফরমে আবেদন করিতে হইবে।

(গ) আবেদপত্রের সহিত সংশ্লিষ্ট সকল প্রমাণক দাখিল করিতে হইবে।

(ঘ) একজন আবেদনকারী একক বা দলগতভাবে সর্বাধিক ৩টি বিষয়ে আবেদন করিতে পারিবেন।

৭। **আদেনকারীর যোগ্যতা :**

কেবল বাংলাদেশের নাগরিকগণ/বাংলাদেশি বিজ্ঞান-সেবী প্রতিষ্ঠানসমূহ এই পদকের জন্য যোগ্য বিবেচিত হইবেন।

৮। **পদক প্রদানের ক্ষেত্রে শর্তাবলি :**

(ক) প্রতি বছর প্রতিটি বিষয়ে একটি করিয়া মোট ৭ (সাত)টি পদক প্রদান করা হইবে। কোনো বৎসরে একাধিক ব্যক্তি/প্রতিষ্ঠান একই বিষয়ে এই পদকের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইলে বর্ণিত বৎসরে সেই বিষয়ে যুগ্মভাবে সর্বাধিক ২ জন ব্যক্তি/প্রতিষ্ঠানকে পদক প্রদান করা যাইবে। তবে এই ক্ষেত্রে বর্ণিত বৎসরে মোট পদকের সংখ্যা কোনো ক্রমেই ৮ (আট)-এর অধিক হইবে না।

(খ) কোনো বৎসরে কোনো বিষয়ে পদক পাওয়ার মত যোগ্য ব্যক্তি/প্রতিষ্ঠান না পাওয়া গেলে বর্ণিত বৎসরে সেই বিষয়ে পদক প্রদান করা হইবে না।

(গ) পদক প্রদানের ক্ষেত্রে পূর্ববর্তী ৫ (পাঁচ) বছরের গবেষণা বিবেচনায় নেওয়া হইবে।

৯। **প্রার্থী নির্বাচন পদ্ধতি :**

'জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি পদক' প্রদানের উদ্দেশ্যে আবেদন আহ্বান এবং প্রার্থী নির্বাচনের জন্য নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করিতে হইবে :

(ক) পদক প্রদানের জন্য ৩০ জুনের মধ্যে আবেদন আহ্বান করিয়া ১টি বাংলা ও ১টি ইংরেজি জাতীয় দৈনিক পত্রিকায় এবং মন্ত্রণালয়ের ওয়েবসাইটে বিজ্ঞপ্তি প্রকাশ করিতে হইবে।

(খ) নির্ধারিত ফরমে নির্দিষ্ট তারিখের মধ্যে আবেদনসমূহ সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় বরাবর প্রেরণ করিতে হইবে। নির্ধারিত সময়ের পর প্রাপ্ত আবেদন গ্রহণযোগ্য হইবে না।

(গ) আবেদনপত্রে অসম্পূর্ণ তথ্য বা অস্পষ্ট বর্ণনা এবং যথাযথ প্রমাণপত্র সংযুক্ত না থাকিলে আবেদনপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।

(ঘ) বাছাই কমিটি কর্তৃক প্রাথমিকভাবে মনোনীত প্রার্থীদের তালিকা ও সংশ্লিষ্ট তথ্যাদি জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি পরিষদ-এর নির্বাহী কমিটির (ইসিএনসিএসটি) সভায় সুপারিশের জন্য পেশ করিতে হইবে।

(ঙ) জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি পরিষদের নির্বাহী কমিটি কর্তৃক সুপারিশকৃত প্রার্থী তালিকা জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি পরিষদে (এনসিএসটি) চূড়ান্ত অনুমোদনের জন্য পেশ করিতে হইবে।

(চ) পদক প্রদান বিষয়ে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি পরিষদের (এনসিএসটি) সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

**১০। বাছাই কমিটি:**

প্রাথমিক প্রার্থী বাছাই ও নির্বাচনের লক্ষ্যে নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে একটি বাছাই কমিটি গঠিত হইবে:

**(ক) কমিটির গঠন:**

| | | | |
|---|---|---|---|
| (১) | সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় | : | সভাপতি |
| (২) | উপাচার্য, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা | : | সদস্য |
| (৩) | উপাচার্য, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ | : | সদস্য |
| (৪) | উপাচার্য, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট | : | সদস্য |
| (৫) | উপাচার্য, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়, ঢাকা | : | সদস্য |
| (৬) | চেয়ারম্যান, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন, ঢাকা | : | সদস্য |
| (৭) | চেয়ারম্যান, বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ, ঢাকা | : | সদস্য |
| (৮) | ডীন, বিজ্ঞান অনুষদ, রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী | : | সদস্য |
| (৯) | ডীন, জীববিজ্ঞান অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা | : | সদস্য |
| (১০) | মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর | : | সদস্য |
| (১১) | সরকার কর্তৃক মনোনীত ২(দুই) জন স্বনামধন্য বিজ্ঞানী | : | সদস্য |
| (১২) | যুগ্মসচিব/অতিরিক্ত সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় | : | সদস্য-সচিব |

**(খ) কমিটির কর্ম পরিধি:**

(১) বাছাই কমিটি প্রাপ্ত আবেদনসমূহ যাছাই-বাছাই করিয়া সুপারিশসহ প্রাথমিক তালিকা ইসিএনসিএসটি-এর নিকট দাখিল করিবে।

(২) কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করিতে পারিবে।

**১১। পদক প্রদান কার্যক্রমের ব্যয়:**

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের বাজেটে বরাদ্দ নির্ধারিত থাকিবে।

**১২। পুরস্কার:**

পদকপ্রাপ্ত প্রত্যেক ব্যক্তি, দল বা প্রতিষ্ঠানকে সম্মানসূচক একটি 'সম্মাননা পত্র'সহ ১৮(আঠার) ক্যারেট মানের ২০ (বিশ) গ্রাম ওজনের একটি স্বর্ণপদকের সহিত পদকের একটি রেপ্লিকা ও নগদ ৪,০০,০০০ (চার লক্ষ) টাকা প্রদান করা হইবে (সম্মাননাপত্র সংলাগ 'গ' নমুনা অনুসারে হইবে)।

১৩। **বিবিধঃ**

(ক) বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় 'জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি পদক' প্রদান অনুষ্ঠানের আয়োজন এবং ইহার সহিত সংশ্লিষ্ট অন্যান্য দায়িত্ব পালন করিবে।

(খ) প্রতিবছর জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহের কেন্দ্রীয় অনুষ্ঠানমালা শুরু হওয়ার প্রারম্ভে জাতীয় প্রচার মাধ্যম রেডিও, টেলিভিশন ও সংবাদপত্রের মাধ্যমে এবং বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে (www.most.gov.bd) নির্বাচিত ব্যক্তি/প্রতিষ্ঠানের নাম ঘোষণা করা হইবে। ইহার পূর্বে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় নির্বাচিত ব্যক্তি/প্রতিষ্ঠানের সহিত যোগাযোগ করিয়া পদক গ্রহণে তাহাদের সম্মতি গ্রহণ করিবে।

(গ) জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহের সমাপনী অনুষ্ঠানে অথবা পৃথকভাবে আয়োজিত অপর কোন অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক এই পদক প্রদান করা হইবে।

(ঘ) মরণোত্তর পদক প্রদানের ক্ষেত্রে অথবা পদকপ্রাপ্ত ব্যক্তির শারীরিক অসুস্থতার দরুন অথবা অন্য কোন কারণবশতঃ পদক প্রাপ্তির জন্য নির্বাচিত ব্যক্তি পদক বিতরণী অনুষ্ঠানে উপস্থিত থাকিতে অপারগ হইলে তাহার প্রতিনিধি অনুষ্ঠানে উপস্থিত থাকিয়া পদক গ্রহণ করিতে পারিবেন।

(ঙ) পদকপ্রাপ্ত ব্যক্তি বা ব্যক্তিবর্গ যদি দেশের অভ্যন্তরে ঢাকার বাহিরে অবস্থান করেন, তাহা হইলে তিনি/তাহারা পদক গ্রহণ উপলক্ষ্যে ঢাকায় আসা-যাওয়ার জন্য সর্বোচ্চ শ্রেণির রেল/জাহাজ/বিমান ভাড়া এবং ঢাকায় অবস্থানের জন্য দৈনিক ৫,০০০ (পাঁচ হাজার) টাকা হারে তিন দিনের ভাতা পাইবেন, যাহা বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় কর্তৃক প্রদেয় হইবে।

১৪। এই নীতিমালা অবিলম্বে কার্যকর হইবে এবং ইতঃপূর্বে জারিকৃত এতদ্‌সংক্রান্ত সকল নীতিমালা/ নির্দেশাবলি/ নিয়মাবলি এতদ্বারা বাতিল বলিয়া গণ্য হইবে।

**মোঃ আনোয়ার হোসেন**
সিনিয়র সচিব।

সংলাগ-ক

জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি পদকের জন্য প্রস্তাবিত ব্যক্তি সম্পর্কিত তথ্য ছক

| |
|---|
| প্রস্তাবিত ব্যক্তির পাসপোর্ট আকারের ২টি ও স্ট্যাম্প আকারের ২টি রঙিন ছবি সংযুক্ত করিতে হইবে। |

**প্রস্তাবিত ব্যক্তি সম্পর্কিত তথ্য**

১। ব্যক্তিগত তথ্য :

| | | |
|---|---|---|
| ১ | নাম-বাংলায় : | |
| | ইংরেজিতে : | |
| ২ | পিতার নাম : | |
| ৩ | মাতার নাম : | |
| ৪ | জন্ম তারিখ : | |
| ৫ | নাগরিকত্ব : | |
| ৬ | স্থায়ী ঠিকানা : | |
| ৭ | বর্তমান ঠিকানা : | |
| ৮ | ল্যান্ড ফোন নম্বর : (অফিস/আবাসিক) | |
| ৯ | মোবাইল ফোন নম্বর : | |
| ১০ | ফ্যাক্স নম্বর : | |
| ১১ | ই-মেইল : | |

২। শিক্ষাগত যোগ্যতা :

| ক্রমিক নং | শিক্ষার স্তর | শিক্ষা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | শিক্ষা জীবনের বিশেষ কৃতিত্ব (যদি থাকে) |
|---|---|---|---|
| ১. | প্রাথমিক বিদ্যালয় | | |
| ২. | এস,এস,সি/সমমান | | |
| ৩. | এইচ,এস,সি/সমমান | | |
| ৪. | স্নাতক/সমমান | | |
| ৫. | স্নাতকোত্তর/সমমান | | |
| ৬. | উচ্চতর ডিগ্রি | | |
| ৭. | উল্লেখযোগ্য অন্য কোন সার্টিফিকেট/ডিপ্লোমা | | |

৩। প্রকাশিত উল্লেখযোগ্য গবেষণা/প্রবন্ধ/বই ইত্যাদির বিবরণ :

| ক্রমিক নং | প্রকাশিত গবেষণা/প্রবন্ধ/বই ইত্যাদির শিরোনাম | প্রকাশক/জার্নালের নাম, ভলিউম নং, প্রকাশনার স্থান ও বৎসর | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | | | |
| ২. | | | |
| --- | | | |
| ১০. | | | |

৪। প্রাপ্ত উল্লেখযোগ্য পুরস্কার/সম্মাননা/পদক ইত্যাদির বিবরণ :

| ক্রমিক নং | পুরস্কার/সম্মাননা/পদকের নাম ও প্রাপ্তির বৎসর | পুরস্কার/সম্মাননা/পদক যে কাজের জন্য পেয়েছেন | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | | | |
| ২. | | | |
| --- | | | |
| ১০. | | | |

৫। সামাজিক/সাংস্কৃতিক/রাজনৈতিক ক্ষেত্রে উল্লেখযোগ্য কার্যক্রম :

| ক্রমিক নং | সংস্থার নাম ও ঠিকানা | কোন দায়িত্বপূর্ণ পদে থাকিলে পদের নাম ও সময়কাল | বিশেষ কৃতিত্ব (যদি থাকে) |
|---|---|---|---|
| ১. | | | |
| ২. | | | |
| --- | | | |
| ১০. | | | |

৬। যেই ক্ষেত্রে অবদানের স্বীকৃতস্বরূপ পুরস্কার প্রদানের প্রস্তাব করা হইতেছে সেই ক্ষেত্রে প্রস্তাবিত ব্যক্তির অবদান :

৭। উল্লেখ করার মত অন্য কোন গুরুত্বপূর্ণ তথ্য থাকিলে তাহার বিবরণ :

৮। প্রস্তাব বিবেচনাকালে জরুরি কোন তথ্যের জন্য বা অন্য যে কোন প্রয়োজনে যাহার সহিত যোগাযোগ করিতে হইবে :

| | | |
|---|---|---|
| ১ | নাম : | |
| ২ | বর্তমান ঠিকানা : | |
| ৩ | ল্যান্ড ও মোবাইল ফোন নম্বর : | |
| ৪ | ফ্যাক্স নম্বর : | |
| ৫ | ই-মেইল : | |

৯। পুরস্কারপ্রাপ্ত ব্যক্তি অনিবার্য কারণে পুরস্কার বিতরণ অনুষ্ঠানে উপস্থিত থাকিতে না পারিলে যিনি পুরস্কার গ্রহণ করিবেন :

| | | |
|---|---|---|
| ১ | নাম : | |
| ২ | পুরস্কারের জন্য প্রস্তাবিত ব্যক্তির সাথে সম্পর্ক : | |
| ৩ | বর্তমান ঠিকানা : | |
| ৪ | ল্যান্ড ও মোবাইল ফোন নম্বর : | |
| ৫ | ফ্যাক্স নম্বর : | |
| ৬ | ই-মেইল : | |

১০। প্রস্তাব :

.....................................(প্রস্তাবিত ব্যক্তির নাম)...........সম্পর্কে উপরে প্রদত্ত তথ্য এবং সংযুক্ত কাগজপত্র আমার জানামতে সঠিক। দেশ ও জাতির কল্যাণে অনন্য সাধারণ অবদান ও সামগ্রিক জীবনের অর্জন বিবেচনায় তিনি জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি পদক পাইবার যোগ্য। আমি ২০............সালে................................ক্ষেত্রে তাঁহাকে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি পদক প্রদানের প্রস্তাব করিতেছি।

প্রস্তাবকারীর স্বাক্ষর

তারিখ : (...........প্রস্তাবকারীর নাম............)

সীল (প্রযোজ্য ক্ষেত্রে)

১১। প্রস্তাবকারীর তথ্য :

| | | |
|---|---|---|
| ১ | প্রস্তাবকারী জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি পদক প্রাপ্ত হইলে পদক প্রাপ্তির বৎসর : | |
| ২ | প্রস্তাবকারী মন্ত্রণালয়/বিভাগ হইলে স্বাক্ষরকারীর পদবি ও মন্ত্রণালয়/বিভাগের নাম : | |
| ৩ | বর্তমান ঠিকানা : | |
| ৪ | ল্যান্ড ও মোবাইল ফোন নম্বর : | |
| ৫ | ফ্যাক্স নম্বর : | |
| ৬ | ই-মেইল : | |

## প্রস্তাব ছক পূরণ বিষয়ে নির্দেশিকা

ক. মন্ত্রণালয়/বিভাগ হইতে প্রস্তাবের ক্ষেত্রে মন্ত্রণালয়/বিভাগের সচিব প্রস্তাবে স্বাক্ষর করিবেন।

খ. প্রস্তাবের সকল পাতায় এবং সংলাগসমূহে প্রস্তাবক অনুস্বাক্ষর করিবেন।

গ. প্রস্তাব A4 আকারের কাগজের একদিকে কম্পিউটার কম্পোজ করিয়া প্রস্তুত করিতে হইবে এবং Nikosh Font-এ CD তে প্রস্তাবের সফট কপি প্রেরণ করিতে হইবে।

ঘ. প্রস্তাবিত ব্যক্তির জাতীয় পরিচয়পত্র ও জন্ম সনদের ফটোকপি প্রস্তাবের সহিত সংযুক্ত করিতে হইবে।

ঙ. প্রস্তাব ছকের ৬ ও ৭ অনুচ্ছেদে সংক্ষেপে (অনধিক ৩০০ শব্দ) সুনির্দিষ্ট তথ্য প্রদান করিতে হইবে। প্রয়োজনে ঐ সকল বিষয়ে বিস্তারিত তথ্য পৃথক কাগজে প্রস্তাবের সহিত সংলাগ আকারে প্রদান করা যাইবে।

চ. ছকের যেই সকল বিষয় প্রস্তাবিত ব্যক্তির জন্য প্রযোজ্য নহে সেই সকল বিষয়ে “প্রযোজ্য নহে” এবং যেইগুলি নাই সেইগুলির ক্ষেত্রে “নাই” লিখিতে হইবে।

ছ. ছকটি http.//www.most.gov.bd ঠিকানা হইতে ডাউনলোড করিয়া ব্যবহার করা যাইবে।

সংলাগ-খ

## জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি পদকের জন্য প্রস্তাবিত প্রতিষ্ঠান সম্পর্কিত তথ্য ছক

| |
|---|
| প্রস্তাবিত প্রতিষ্ঠান প্রধানের পাসপোর্ট আকারের ২টি ও স্ট্যাম্প আকারের ২টি রঙিন ছবি এবং প্রতিষ্ঠানের মনোগ্রাম সংযুক্ত করিতে হইবে। |

১। প্রস্তাবিত প্রতিষ্ঠান সম্পর্কিত তথ্য :

| | | |
|---|---|---|
| ১ | নাম- বাংলায় : | |
| | ইংরেজিতে : | |
| ২ | পূর্ণ ঠিকানা : | |
| ৩ | রেজিস্ট্রেশন নম্বর ও রেজিস্ট্রেশনের বৎসর (ক্ষেত্রে প্রযোজ্য) : | |
| ৪ | প্রধান নির্বাহীর নাম : | |
| ৫ | প্রধান নির্বাহীর পদবি : | |
| ৬ | ল্যান্ড ফোন নম্বর : (অফিস/আবাসিক)<br>মোবাইল ফোন নম্বর : | |
| ৭ | ফ্যাক্স নম্বর : | |
| ৮ | ওয়েবসাইট ঠিকানা : | |
| ৯ | ই-মেইল : | |

২। প্রতিষ্ঠানের উল্লেখযোগ্য কার্যক্রম এবং অর্জন/অবদান/কৃতিত্বসমূহ :

৩। প্রাপ্ত উল্লেখযোগ্য পুরস্কার/সম্মাননা/পদক :

| ক্রমিক নং | পুরস্কার/সম্মাননা/পদকে নাম ও প্রাপ্তির বৎসর | পুরস্কার/সম্মাননা/পদক যেই কাজের জন্য পাইয়াছেন | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | | | |
| ২. | | | |
| --- | | | |
| ১০. | | | |

৪। যেই ক্ষেত্রে অবদানের স্বীকৃতিস্বরূপ পুরস্কার প্রদানের প্রস্তাব করা হইয়াছে সেই ক্ষেত্রে প্রস্তাবিত প্রতিষ্ঠানের অবদানের সংক্ষিপ্ত বিবরণ :

৫। উল্লেখ করিবার মতো অন্য কোন গুরুত্বপূর্ণ তথ্য থাকিলে তাহার বিবরণ :

৬। সংযোজিত রিপোর্টসমূহ [টিক (√) অথবা নাই (×) সূচক চিহ্ন দিন] :

৬.০১................................সালের বার্ষিক প্রতিবেদন (সর্বশেষটি)।

৬.০২.................................সালের বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী (সর্বশেষটি)।

৬.০৩................................সালের অডিট প্রতিবেদন (সর্বশেষটি)।

৬.০৪................................ ................ .............. ................

ও...............তারিখে অনুষ্ঠিত বোর্ড অব গভর্নরস/বোর্ড অব ডাইরেক্টরস/ম্যানেজিং কমিটির সভার কার্যবিবরণী (সর্বশেষ ৫টি)।

৭। প্রস্তাব বিবেচনাকালে জরুরি কোন তথ্যের জন্য বা অন্য যে কোন প্রয়োজনে যাহার সহিত যোগাযোগ করিতে হইবে :

| | | |
|---|---|---|
| ১ | নাম : | |
| ২ | পদবি : | |
| ৩ | ঠিকানা : | |
| ৪ | ল্যান্ড ও মোবাইল ফোন নম্বর : | |
| ৫ | ফ্যাক্স নম্বর : | |
| ৬ | ই-মেইল : | |

৮। প্রতিষ্ঠান প্রধান পুরস্কার বিতরণ অনুষ্ঠানে অনিবার্য কারণে উপস্থিত থাকিতে না পারিলে তাহার স্থলে উপযুক্ত যিনি পুরস্কার গ্রহণ করিবেন :

| | | |
|---|---|---|
| ১ | নাম : | |
| ২ | পদবি : | |
| ৩ | ঠিকানা : | |
| ৪ | ল্যান্ড ও মোবাইল ফোন নম্বর : | |
| ৫ | ফ্যাক্স নম্বর : | |
| ৬ | ই-মেইল : | |

৯। প্রস্তাব :

...............................(প্রস্তাবিত প্রতিষ্ঠানের নাম).................................সম্পর্কে উপরে প্রদত্ত তথ্য এবং সংযুক্ত কাগজপত্র আমার জানামতে সঠিক। দেশ ও জাতির কল্যাণে অনন্য সাধারণ অবদান বিবেচনায় প্রতিষ্ঠানটি জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি পদক পাইবার যোগ্য। আমি ২০......সালে ....................ক্ষেত্রে প্রতিষ্ঠানটিকে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি পদক প্রদানের প্রস্তাব করিতেছি।

তারিখ : প্রস্তাবকারীর স্বাক্ষর

(...........প্রস্তাবকারীর নাম............)

সীল (প্রযোজ্য ক্ষেত্রে)

১০। প্রস্তাবকারীর তথ্য :

| | | |
|---|---|---|
| ১ | পুরস্কারপ্রাপ্ত হলে পুরস্কারপ্রাপ্তির বৎসর : | |
| ২ | প্রস্তাবকারী মন্ত্রণালয়/বিভাগ হলে স্বাক্ষরকারীর পদবি ও মন্ত্রণালয়/বিভাগের নাম : | |
| ৩ | বর্তমান ঠিকানা : | |
| ৪ | ল্যান্ড ও মোবাইল ফোন নম্বর : | |
| ৫ | ফ্যাক্স নম্বর : | |
| ৬ | ই-মেইল : | |

প্রস্তাব ছক পূরণ বিষয়ে নির্দেশিকা

ক. মন্ত্রণালয়/বিভাগ হইতে প্রস্তাবের ক্ষেত্রে মন্ত্রণালয়/বিভাগের সচিব প্রস্তাবে স্বাক্ষর করিবেন।

খ. প্রস্তাবের সকল পাতায় এবং সংলাগসমূহে প্রস্তাবক অনুস্বাক্ষর করিবেন।

গ. প্রস্তাব A4 আকারের কাগজের এক দিকে কম্পিউটার কম্পোজ করিয়া প্রস্তুত করিতে হইবে এবং Nikosh Font-এ CD-তে প্রস্তাবের সফট কপি প্রেরণ করিতে হইবে।

ঘ. প্রস্তাব ছকের ৪ ও ৫ অনুচ্ছেদে সংক্ষেপে (অনধিক ৩০০ শব্দ) সুনির্দিষ্ট তথ্য প্রদান করিতে হইবে। প্রয়োজনে ঐ সকল বিষয়ে বিস্তারিত তথ্য পৃথক কাগজে প্রস্তাবের সহিত সংলাগ আকারে প্রদান করা যাইবে।

ঙ. ছকের যেই সকল বিষয় প্রস্তাবিত প্রতিষ্ঠানের জন্য প্রযোজ্য নহে সেই সকল বিষয়ে "প্রযোজ্য নহে" এবং যেইগুলি নাই সেইগুলির ক্ষেত্রে "নাই" লিখতে হবে।

চ. ছকটি http.//www.most.gov.bd ঠিকানা হইতে ডাউনলোড করিয়া ব্যবহার করা যাইবে।

সংলাগ-গ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি পদক**

**সম্মাননা পত্র**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার..............................................................................কে ..........................................................................................ক্ষেত্রে গৌরবময় ও কৃতিত্বপূর্ণ অবদানের স্বীকৃতি স্বরূপ..................................................সালের জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি পদকে ভূষিত করিয়াছে।

প্রধানমন্ত্রী

..........................বঙ্গাব্দ

..........................খ্রিস্টাব্দ

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd.